# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ জামা‘আত ও ইমামতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১০) ছালাতে দাঁড়ানো অবস্থায় ডান পায়ের বৃদ্ধাঙ্গুল নড়াচড়া করা যাবে না বলে ধারণা করা

(১০) ছালাতে দাঁড়ানো অবস্থায় ডান পায়ের বৃদ্ধাঙ্গুল নড়াচড়া করা যাবে না বলে ধারণা করা :

উক্ত ধারণা সম্পূর্ণ বানোয়াট। এর পক্ষে কোন দলীল নেই। একশ্রেণীর মুরববী উক্ত প্রথার আমদানী করেছেন। অথচ ছালাতের মধ্যে প্রয়োজনে মুছল্লী তার স্থান থেকে সামনে বা পিছনে, ডানে বা বামে সরে যেতে পারে।

عَنْ جَابِرٍ قَالَ قَامَ رَسُوْلُ اللهِ لِيُصَلِّيَ فَجِئْتُ حَتَّى قُمْتُ عَنْ يَسَارِهِ فَأَخَذَ بِيَدِىْ فَأَدَارَنِىْ حَتَّى أَقَامَنِىْ عَن يَمِيْنِه ثُمَّ جَاءَ جَبَّارُ بْنُ صَخْرٍ فَقَامَ عَنْ يَسَارِ رَسُوْلِ اللهِ فَأَخَذَ بِيَدِيْنَا جَمِيْعًا فَدَفَعَنَا حَتَّى أَقَمْنَا خَلْفَهُ.

জাবের (রাঃ) বলেন, একদা রাসূল (ছাঃ) ছালাতে দাঁড়ালেন আর আমি তাঁর বাম পার্শ্বে দাঁড়ালাম। অতঃপর তিনি আমার হাত ধরলেন এবং আমাকে ঘুরিয়ে তার ডান দিকে করে নিলেন। অতঃপর জাববার ইবনু ছাখর এসে রাসূল (ছাঃ)-এর বাম দিকে দাঁড়ালেন। তখন রাসূল (ছাঃ) আমাদের উভয়ের হাত ধরে তাঁর পিছনে ঠেলে দিয়ে দাঁড় করিয়ে দিলেন।[1]

عَنْ عَبْدِ اللهِ بْنِ عَبَّاسٍ قَالَ بِتُّ فِىْ بَيْتِ خَالَتِىْ مَيْمُوْنَةَ فَقَامَ رَسُوْلُ اللهِ يُصَلِّىْ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَأَخَذَ بِيَدِىْ مِنْ وَرَاءِ ظَهْرِهِ فَعَدَلَنِىْ كَذَلِكَ مِنْ وَرَاءِ ظَهْرِهِ إِلَى الشِّقِّ الْأَيْمَنِ.

আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) বলেন, আমি একদা আমার খালা মায়মূনা (রাঃ)-এর কাছে রাত্রে ছিলাম। রাসূল (ছাঃ) ছালাতের জন্য দাঁড়ালেন। অতঃপর আমি তাঁর বামে দাঁড়ালাম। তিনি আমার হাত ধরলেন এবং তাঁর পিঠের পিছন দিয়ে আমাকে ডান পার্শ্বে নিয়ে আসলেন।[2]

## ফুটনোট

[1]. ছহীহ মুসলিম হা/৭৭০৫, ২/৪১৬ পৃঃ, ‘যুহদ’ ও মন গলানো’ অধ্যায়, অনুচ্ছেদ-১৯; মিশকাত হা/১১০৭; বঙ্গানুবাদ মিশকাত হা/১০৩৯, ৩/৬৩ পৃঃ, ‘ছালাতে দাঁড়ান’ অধ্যায়।

[2]. ছহীহ বুখারী হা/৬৯৯, ১/৯৭ পৃঃ, (ইফাবা হা/৬৬৫, ২/৮৪ পৃঃ); ছহীহ মুসলিম হা/১৮৩৭; মিশকাত হা/১১০৬; বঙ্গানুবাদ মিশকাত হা/১০৩৮, ৩/৬৩ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1894

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন